

২০২২

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : CC-12

(নাটক ও নাট্যমঞ্চ)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) প্রহসন হিসেবে 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' কতটা সার্থকতা দাবি করে, লেখো। ১০  
অথবা,  
(খ) 'মুক্তধারা' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০
- ২। (ক) একাঙ্ক নাটক হিসাবে 'কারাগার' নাটকের সার্থকতা বিচার করো। ১০  
অথবা,  
(খ) 'টিনের তলোয়ার' নাটকের ময়না চরিত্রটির অভিনবত্ব নির্দেশ করো। ১০
- ৩। (ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে 'ন্যাশানাল থিয়েটার' (১ম পর্বের) অবদান আলোচনা করো। ১০  
অথবা,  
(খ) গণনাট্য আন্দোলনের পরিপ্রেক্ষিত ও বৈশিষ্ট্যগুলি লেখো। ১০
- ৪। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' নাটকে হানিফ গাজীর চরিত্রের বৈশিষ্ট্যগুলি নিজের ভাষায় আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) "বুঝেছি, সেই মুক্তিতে তিনি মুক্তি পেয়েছেন।" — প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ৫
- ৫। (ক) 'কারাগার' নাটকে চন্দনা চরিত্রের গুরুত্ব আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) "আমি বাংলার গ্যারিক।" — উক্তিটি কার? এরূপ মন্তব্যের কারণ কী? ৫
- ৬। টীকা লেখো— (ক) নবীন বসুর শ্যামবাজার থিয়েটার  
অথবা,  
(খ) বাগবাজার অ্যামেচার থিয়েটার ৫

Please Turn Over

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

- (ক) “সময় এখনই এসেছে, এই কথাই জানি, কিন্তু সময় আবার আসবে কিনা সেকথা কেউ জানি নে।” — তাৎপর্য বোঝাও।  
 (খ) “কারাগার আজ পুণ্যতীর্থ।” — প্রেক্ষিত উল্লেখ করে উদ্ধৃতিটির তাৎপর্য লেখো।  
 (গ) নাট্য নিয়ন্ত্রণ বিল-এর, ঐতিহাসিক গুরুত্ব নির্দেশ করো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) ‘বুড় সালিকের ঘাড়ে রৌঁ’ কত খিস্টাব্দে প্রকাশিত হয়?  
 (খ) ন্যাশানাল থিয়েটারের দ্বিতীয় পর্ব বলতে কোন সময়কালকে নির্দেশ করা হয়?  
 (গ) ‘সঞ্জয়’ কোন নাটকের চরিত্র?  
 (ঘ) উগ্রসেন কে ছিলেন?  
 (ঙ) “দুহাত তুলে আকাশ পানে/মেতেছ আজ কিসের গানে?” — গানটি কোন নাটকের?  
 (চ) ‘কারাগার’ নাটকের প্রকাশকাল লেখো।  
 (ছ) লেবেডেফ কবে, কোথায় নাট্যশালা প্রতিষ্ঠা করেন?  
 (জ) ‘বেলগাছিয়া নাট্যশালা’র একজন উদ্যোগীর নাম লেখো।  
 (ঝ) বিজন ভট্টাচার্যের ‘নবান্ন’ নাটকের প্রথম অভিনয় কবে হয়?  
 (ঞ) ‘টিনের তলোয়ার’ নাটকে কোন নাটকের অভিনয়ের কথা বলা হয়েছে?  
 (ট) “নাটক ছাড়া আমি ভাবতে পারি না।” — উক্তিটি কার?  
 (ঠ) ‘বুড় সালিকের ঘাড়ে রৌঁ’ নাটকের খসড়া নাম কী ছিল?  
 (ড) “আমার জীবনের শ্রোতা রাজবাড়ির পাথর ডিঙিয়ে চলে যাবে, এই কথাটা কানে নিয়েই পৃথিবীতে এসেছি।” — কে বলেছেন?  
 (ঢ) শঙ্কু মিত্র প্রতিষ্ঠিত নাট্যদলটির নাম লেখো।  
 (ণ) বেলগাছিয়া নাট্যশালায় প্রথম অভিনীত নাটকের নাম লেখো।